গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০২
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০৩.২১.৭৭

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **কারিগরি শিক্ষায় শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধির লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন সরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ৪ (চার) বছর মেয়াদি ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, ২ (দুই) বছর মেয়াদি এইচএসসি (ভোকেশনাল) এবং এইচএসসি (বিজনেস ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি) শিক্ষাক্রমে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষের ভর্তি কার্যক্রম শুরু হয়েছে। এছাড়া, বিভিন্ন সময়ে এসএসসি (ভোকেশনাল), প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ-৮ম শ্রেণি) এবং বিভিন্ন স্বল্পমেয়াদি কোর্সে শিক্ষার্থী ভর্তি করা হয়ে থাকে।

২. কারিগরি শিক্ষার ব্যাপক প্রসার, এ শিক্ষার সুযোগ-সুবিধা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি এবং শিক্ষার্থী ভর্তির হার বৃদ্ধির লক্ষ্যে দেশব্যাপী এসব ভর্তি কার্যক্রমের ব্যাপক প্রচার-প্রচারণা চালানো প্রয়োজন। এতদুদ্দেশ্যে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জেলা ও উপজেলাধীন জনবহুল স্থান, হাট-বাজার এবং পার্শ্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে লিফলেট বিতরণ, ব্যানার ও পোস্টার স্থাপন, মাইকিং এবং সামাজিক যোগাযোগ মাধ্যমে টিভিসি ও ভিডিও ডকুমেন্টারি প্রচারসহ প্রয়োজনীয় ও কার্যকর প্রচারণামূলক কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩. উল্লেখ্য, উক্ত প্রচারণামূলক কার্যক্রমের ব্যয় রাজস্ব বাজেটের সংশ্লিষ্ট অর্থনৈতিক কোডে বরাদ্দকৃত অর্থ অথবা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক নির্বাহ করা যাবে।

০৩-০৯-২০২৬
মোঃ জয়নাল আবেদীন
পরিচালক

অধ্যক্ষ (সকল), ------------- সরকারি পলিটেকনিক ইনস্টিটিউট, সরকারি সার্ভে ইনস্টিটিউট, সরকারি গ্রাফিক আর্টস ইনস্টিটিউট, বাংলাদেশ সরকারি ইনস্টিটিউট অব গ্লাস অ্যান্ড সিরামিকস, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ ----------------।

স্মারক নম্বর: ৫৭.০৩.০০০০.০০০.০১১.৯৯.০০০৩.২১.৭৭/১ (৯)

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩
০৩ সেপ্টেম্বর ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
২। পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৩। পরিচালক (সকল), আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর।
৪। উপপরিচালক (এমপিও), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সহকারী পরিচালক (সকল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭।

৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)।

৮। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। সংরক্ষণ নথি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

০৩-০৯-২০২৬
মোঃ রাকিবুল হাসান
সহকারী পরিচালক